(৭৪) বিধি ২১২ এর উপ-বিধি (১) এর প্রান্তস্থিত '।' দাড়ি এর পরিবর্তে ':' কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

''তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমুখী শিল্প সেক্টরের জন্য কেন্দ্রীয় তহবিল স্থাপিত হইলে কোম্পানির মুনাফায় শ্রমিকের অংশগ্রহণের বিধান প্রযোজ্য হইবে না ।'';

(৭৫) বিধি ২১৩ এর—

(ক) উপ-বিধি (৩) এবং উহার শর্তাংশে উল্লিখিত 'সচিব' শব্দটির পরিবর্তে 'মহাপরিচালক' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৪) এ উল্লিখিত 'সচিবের' শব্দটির পরিবর্তে 'মহাপরিচালকের' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৭৬) বিধি ২১৫ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(১) কেন্দ্রীয় তহবিলের সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে 'সুবিধাভোগী' বলিতে শিক্ষাধীনসহ যে কোন ব্যক্তিকে বুঝাইবে, যিনি মালিক কিংবা অংশীদার কিংবা পরিচালনা পর্ষদের সদস্য ব্যতীত পদমর্যাদা নির্বিশেষে কেন্দ্রীয় তহবিলের আওতাধীন প্রতিষ্ঠানের চাকরিতে ৯ (নয়) মাস নিযুক্ত রহিয়াছেন:

তবে শর্ত থাকে যে, যে সকল প্রতিষ্ঠান কেন্দ্রীয় তহবিলের আওতাধীন নয় সেই সকল প্রতিষ্ঠানের জন্য ধারা ৯৯ এর বিধান প্রযোজ্য হইবে।'';

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

''(২) শতভাগ রপ্তানিমুখী শিল্প সেক্টরের মালিকদের সংগঠন ডাটাবেইজের মাধ্যমে সকল সুবিধাভোগীর তালিকা সংরক্ষণ করিবে এবং চাহিদা অনুযায়ী তাহাদের উত্তরাধিকারীদের তালিকা কেন্দ্রীয় তহবিল পরিচালনা বোর্ডের নিকট সরবরাহ করিবে।'';

(গ) উপ-বিধি (৪) এর প্রান্তস্থিত '।' দাড়ি এর পরিবর্তে ':' কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, বিধি ২১৪(১)(ঘ) এর বিধান অনুযায়ী কোন বিশেষ সামাজিক নিরাপত্তা বা কল্যাণমূলক প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে দেশি-বিদেশি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত অনুদান 'সুবিধাভোগী কল্যাণ হিসাব' বা 'আপদকালীন হিসাবে' জমা প্রদান না করিয়া আলাদা হিসাব সংরক্ষণপূর্বক সুবিধাভোগীর সামাজিক নিরাপত্তা সুরক্ষা বা অন্য কোন কল্যাণমূলক প্রকল্প বাস্তবায়ন করা যাইবে।'';

(৭৭) বিধি ২১৮ এ উল্লিখিত দফা (গ), (ঘ), (ঙ) ও (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ), (ঘ), (ঙ), (চ), (ছ), (জ) ও (ঝ) প্রতিস্থাপিত হইবে এবং উক্ত দফাসমূহের পর দুইটি নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

"(গ) সর্বোচ্চ বৈদেশিক মুদ্রা অর্জনকারী সংশ্লিষ্ট রপ্তানিমুখী শিল্প সেক্টরের দুইটি মালিক এসোসিয়েশনের ২ (দুই) জন সভাপতি, পদাধিকারবলে, যাহারা ইহার ভাইস চেয়ারম্যানও হইবেন;

(ঘ) শ্রমিক ফেডারেশনের ১ (এক) জন প্রতিনিধি, যিনি ইহার ভাইস চেয়ারম্যানও হইবেন;

(ঙ) রপ্তানীমুখী শিল্প সেক্টরের মালিক সংগঠন কর্তৃক মনোনীত উহার ৩ (তিন) জন সদস্য;

(চ) শ্রম অধিদপ্তরের মহাপরিচালক এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক, যাহারা পরিচালনা বোর্ডের সদস্য হইবেন;

(ছ) বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ) এর ১ (এক) জন প্রতিনিধি যিনি পরিচালনা বোর্ডের সদস্য হইবেন;

(জ) সরকার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট রপ্তানীমুখী শিল্প সেক্টরের শ্রমিক ফেডারেশনের ৫ (পাঁচ) জন সদস্য যাহাদের মধ্যে দফা (ঘ) এ বর্ণিত সদস্যও অন্তর্ভুক্ত থাকিবেন;

(ঝ) বোর্ডের মহাপরিচালক যিনি ইহার সদস্য সচিবও হইবেন:

"তবে শর্ত থাকে যে, বিধি ২১৪(১)(ঘ) এর বিধান অনুযায়ী প্রাপ্ত অনুদান দ্বারা সামাজিক নিরাপত্তা সুরক্ষা বা অন্য কোন কল্যাণমূলক কাজে প্রকল্প পরিচালনা করা হইলে উক্ত অনুদানের কার্যক্রম ও তহবিল পরিচালনার জন্য পরিচালনা বোর্ড সরকার, সংশ্লিষ্ট শিল্প সেক্টরের মালিক সংগঠন ও শ্রমিক সংগঠনের প্রতিনিধি সমন্বয়ে আলাদা বোর্ড বা ত্রিপক্ষীয় কমিটি গঠন করিবে এবং উক্ত বোর্ড বা কমিটিতে দাতা সংস্থার প্রতিনিধি পর্যবেক্ষক হিসাবে থাকিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, উক্ত বোর্ড বা ত্রিপক্ষীয় কমিটির কার্যপরিধি ও অনুদানের অর্থ পরিচালনার জন্য ত্রিপক্ষীয় সমঝোতার মাধ্যমে একটি প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।";

(৭৮) বিধি ২২৩ এর—

(ক) শিরোনামে উল্লিখিত 'সচিবের' শব্দটির পরিবর্তে 'মহাপরিচালকের' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (১) এ উল্লিখিত 'সচিব' শব্দটির পরিবর্তে 'মহাপরিচালক' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (২) এ উল্লিখিত 'সচিব' শব্দটির পরিবর্তে 'মহাপরিচালক' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) উপ-বিধি (৫) এ উল্লিখিত 'সচিবের' শব্দটির পরিবর্তে 'মহাপরিচালকের' শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৭৯) বিধি ২২৪ এর উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত 'সচিব' শব্দটির পরিবর্তে 'মহাপরিচালক' শব্দটি প্রতিস্থাপিত হইবে;